

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়, জেলা কার্যালয়, ঠাকুরগাঁও
সদর উপজেলা কমপ্লেক্সভবন, ঠাকুরগাঁও।
<http://dncrp.thakurgaon.gov.bd/>

সভাপতি : জনাব মো. শেখ সাদী

সহকারী পরিচালক

তারিখ : ১৪/০৩/২০২৪খ্রি.

সময় : দুপুর ১২.০০টা

স্থান : অফিস কক্ষ, সদর উপজেলা পরিষদ কমপ্লেক্সভবন (৪র্থ তলা), ঠাকুরগাঁও জেলা কার্যালয়।

সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক এ সংযোজিত।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটি কর্তৃক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :

ক্র. নং.	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	কোন ব্যক্তি/প্রতিষ্ঠান/এনজিও ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের নাম ব্যবহার করে ব্যবসায়ীদের ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে অবৈধভাবে চাদা আদায়/ আর্থিক সুবিধা নিতে না পারে তার ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
০২	দায়েরকৃত লিখিত অভিযোগ নিষ্পত্তি/নথিভুক্ত করণের পর অভিযোগকারীকে অবশ্যই বাধ্যতামূলকভাবে অবহিত করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
০৩	বাজার অভিযান পরিচালনার সময় ব্যবসায়ীরা যেন মনে না করে যে এই অধিদপ্তরের কর্মকর্তাগণ তাদের শুধুমাত্র শাস্তি বা জরিমানা আদায়ের জন্যই এসেছে, বরং তারা যেন মনে করে তাদের সহায়তা ও সঠিক উপায়ে ব্যবসা করার পরামর্শ দেওয়ার জন্য এসেছে। এব্যাপারে গুরুত্ব দিতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
০৪	যে কেউ কোন সেবা গ্রহণের জন্য আসলে তার সমস্যার সমাধান করার এখতিয়ার বা ক্ষমতা অফিসের না থাকলেও আন্তরিকতার সাথে তার কথা শোনা এবং পরামর্শ প্রদান করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
০৫	অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে কোন ধরনের পক্ষপাতিত্বের বশবর্তী না হয়ে বা অন্য কারও দ্বারা প্রভাবিত না হয়ে আইন অনুযায়ী সঠিকভাবে নিষ্পত্তি করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
০৬	লিখিত অভিযোগ গ্রহণ সহজীকরণ, অভিযোগকারীর প্রতি আন্তরিকতা প্রদর্শন ও সহায়তা করতে হবে। সকল কর্মকর্তা/কর্মচারীগণকে অফিসে আগত ভোক্তাদের জন্য আন্তরিক পরিবেশ তৈরি করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
০৭	লিখিত আমলযোগ্য অভিযোগ যথাসম্ভব সর্বনিম্ন সময়ে নিষ্পত্তিকরণের ব্যবস্থা করতে হবে। ভোক্তার নিকট হতে প্রাপ্ত সকল লিখিত গ্রহণযোগ্য/আমলযোগ্য যে কোন অভিযোগ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও

০৮	কার্যালয়ে আগত সকল চিঠিপত্র দ্রুততম সময়ে নিষ্পত্তি করতে হবে। এসকল কাজের জন্য ই-নথি ব্যবহারের উদ্যোগ গ্রহণ করতে হবে।	বিভাগীয় উপপরিচালক ও সহকারী পরিচালক (সকল)
০৯	বাজার তদারকির সময় জনস্বার্থের কথা চিন্তা করে ব্যবসায়ী/দোকান/প্রতিষ্ঠান এর অবস্থান অনুযায়ী জরিমানা আরোপ বা শাস্তির বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
১০	সচেতনতামূলক সভার মাধ্যমে সকল ব্যবসায়ীদের করণীয়, বর্জনীয় বিষয় সম্পর্কে অবহিতকরণের ব্যবস্থা করতে হবে। কর্মকর্তা/কর্মচারীদের দুর্নীতি প্রতিরোধে উদ্বুদ্ধ করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
১১	ভোক্তা যাতে লিখিতভাবে/ ইমেইল এর মাধ্যমে দেশের যেকোন স্থান হতে অভিযোগ করতে পারে তা নিশ্চিতকরণের ব্যবস্থা করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
১২	বিদ্যুৎ, পানি ও জ্বালানীর (তেল/গ্যাস), আসবাবপত্র প্রভৃতি- এর সাশ্রয়ী/সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে এবং এসবের কোন রকম যাতে অপচয় না হয় সেদিকে সবাইকে সজাগ ও লক্ষ্য রাখতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও
১৩	অফিসের কোন কর্মকর্তা/কর্মচারী কোন ব্যবসায়ী বা অভিযোগকারীর নিকট থেকে কোন আর্থিক বা অন্য কোন অনৈতিক সুবিধা নিতে না পারে তা নিশ্চিত করতে হবে।	সহকারী পরিচালক জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, জেলা কার্যালয় ঠাকুরগাঁও

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

(মো. শেখ সাদী)

সহকারী পরিচালক

ফোন: ০১৩১৮-৩৯৬৯৯১

ad-thakurgaon@dnrcp.gov.bd

স্মারক নং- ২৬.০৪.৯৪০০.৬০৪.১৬.০০৮.২২-১৮২

তারিখঃ ৩০ ফাল্গুন ১৪৩০
১৪ মার্চ ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, টিসিবি ভবন (৮ম তলা), ঢাকা।

০২। উপপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রংপুর বিভাগীয় কার্যালয়, রংপুর।

০৩।

০৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।

০৫। অফিস কপি।

(মো. শেখ সাদী)

সহকারী পরিচালক

ফোন: ০১৩১৮-৩৯৬৯৯১

ad-thakurgaon@dnrcp.gov.bd